

2016

BENGALI

( Major )

Paper : 4.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) “মাথার ওপরে ঝলিছেন রবি, রয়েছে সোনার  
শত ছেলে!”

এখানে ‘রবি’ বলতে কবি কাকে নির্দেশ করেছেন?

(খ) শূন্যস্থান পূর্ণ করো :

জাগিয়া প্রভাতে হেরে পুরবাসী,

রাজা দ্বারে দ্বারে ফেরে \_\_\_\_\_

সোনার অঙ্গ পথের ধূলায় বেদনার দাগে দাগী।

(গ) “ক্ষুধা তৃষা আছে, আছে মোর প্রাণ,

আমিও মানুষ, আমিও মহান!”

কোন কবিতার অংশ?

- (ঘ) 'দারিদ্র্য' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?
- (ঙ) "আমি ভরা-তরী করি ভরা-ডুবি, আমি টর্পেডো,  
আমি ভীম ভাসমান মাইন!"  
'টর্পেডো' শব্দের অর্থ কী ?
- (চ) "গোকর দুধ, পোষা মুরগির ডিম, খেতের ধান;  
রাত্রে কান পেতে শোনা বাঁশবনে মশার গান;"  
কোন কবিতার অংশ ?
- (ছ) শূন্যস্থান পূর্ণ করো :  
"জাঁদরেল প্রোফেসরের মাথায় নামলো  
ব্যঙ্গাতীত ক্ষমার আকাশে প্রথম করুণার \_\_\_\_\_ ।
- (জ) "সে-দিনও এমনই ফসলবিলাসী হাওয়া  
মেতেছিল তার চিকুরের পাকা ধানে;  
'চিকুর' শব্দের অর্থ কী ?
- (ঝ) 'কাক ডাকে' কবিতার কবি কে ?
- (ঞ) 'আট বছর আগের একদিন' কবিতার যুবকটি কোন্ তিথিতে  
আত্মহত্যা করতে গিয়েছিল ?
- ২। সংক্ষিপ্ত উত্তর দাও :  $2 \times 5 = 10$
- (ক) 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কয়েকটি ভারতীয়  
রাগ-রাগিনীর স্বরূপ বলে উল্লেখ করেছেন। যে কোনো দুটি  
এমন রাগ-রাগিনীর নাম লেখো।
- (খ) "যুগে যুগে হন শ্রীভগবান্ যে তাঁহারি রথ-সারথি!"  
এখানে 'শ্রীভগবান্' বলতে কাকে সূচিত করা হয়েছে? তিনি  
কার রথের সারথি হয়েছিলেন ?

- (গ) "হীরা মাণিক চাস্নি ক'তুই;  
চাস্নি ত সাত ক্রোর"  
কাজি নজরুল ইসলামের দৃষ্টিতে সর্বহারা সাধারণ মানুষের  
দুটি নূনতম চাহিদা কী ?
- (ঘ) "দুর্মুখ পৃথিবীকে পিছনে রেখে  
তোমাকে নিয়ে কোথাও সরে পড়ি।"  
কবি কাকে নিয়ে কোথায় সরে পড়তে চেয়েছেন ?
- (ঙ) "তোমার পোস্টকার্ড এলো।"  
পোস্টকার্ড আসার পর কবির মনে যে দুটি অভিব্যক্তি জেগে  
উঠেছিল তা উল্লেখ করো।
- ৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$
- (ক) "আমি জাহান্নামের আগুনে বসিয়া হাসি  
পুষ্পের হাসি"  
'বিদ্রোহী' কবিতার এই অংশের কবি-সত্তার পরিচয়  
উদ্ঘাটিত করো।
- (খ) "শীর্ণ করপুট ভরি' সুন্দরের দান  
যতবার নিতে যাই—হে বুভুক্ষু তুমি  
অগ্রে আসি কর পান!"  
এখানে 'বুভুক্ষু' বলতে কাকে বোঝানো হয়েছে? এর  
প্রভাবে কবির সৌন্দর্য-সাধনা কীভাবে ব্যাহত হয়েছে তা  
বর্ণনা করো।

(গ) ব্যাখ্যা করো :

“কালের চক্র বক্রগতিতে ঘুরিতেছে অবিরত,  
আজ দেখি যারা কালের শীর্ষে, কাল তারা পদানত !”

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

(ক) “সাবধানে যেয়ো সেথা, চোখে তব মোহ নামে  
পাছে, পাছে তার মৃদু কণ্ঠে শোনো তুমি অরণ্যের গান।”  
এখানে কোথায় যাওয়ার কথা বলা হয়েছে? স্থানটির বৈশিষ্ট্য  
বর্ণনা করো।

(খ) “হঠাৎ গ্রাম হৃদয়ে দিলো হানা  
পড়লো মনে, খাসা জীবন সেথা।”  
গ্রামের কথা হঠাৎ কখন এবং কেন মনে পড়েছিল?  
কবিতা-অনুসরণে গ্রাম-জীবনের একটি বর্ণনা দাও।

(গ) “ক্ষণে-ক্ষণে তবু সব সুর  
কেটে দিতে পারে এক কাক-ডাকা গহন দুপুর।”  
মর্মার্থ বিশদ করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

(ক) “চলরে জলের যাত্রী এবার  
মাটির বুকে চল”  
‘সর্বহারা’ কবিতায় কবি কোন্ পর্বান্তরের ইঙ্গিত দিয়েছেন?  
কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য বা মূল বক্তব্য বিশ্লেষণ করো।

(খ) ‘আমার কৈফিয়ত’ কবিতায় কবি তাঁর বিরুদ্ধে উত্থাপিত  
বিভিন্ন অভিযোগের যে প্রত্যুত্তর দিয়েছেন তা ব্যক্ত করো।

(গ) “হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান!”  
তোমার পঠিত ‘দারিদ্র্য’ কবিতা অনুসরণে কবির জীবনে  
দারিদ্র্যের অবদান সম্পর্কে একটি পর্যালোচনা প্রস্তুত করো।

(ঘ) ‘রাজভিখারী’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

৬। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

(ক) ‘আট বছর আগের একদিন’ কবিতায় মৃত্যুকামী যুবকটির  
মানসিকতার যে বিশ্লেষণ প্রস্তুত করা হয়েছে তা ব্যক্ত করো।

(খ) ‘যেখানে রূপালি’ কবিতার নামকরণের সার্থকতা বিচার  
করো।

(গ) ‘সংগতি’ কবিতার মর্মার্থ বিশ্লেষণ করো।

(ঘ) “—আমার ফাঁকা লিবিডোকে এখন চালাবো কোন্  
খেয়ালের বাঁকা খালে?  
কোন্ ধ্রুপদী অবদমনের নিদ্রাহীনতায়?”  
‘টপ্পা-ঠুংরী’ কবিতার শেষাংশে আশাভঙ্গের যে অভিব্যক্তি  
প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করো।

★ ★ ★